

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২০, ২০১১

[বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ

ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৯১-আইন/২০১১।—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও শ্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (তহবিল ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন);

- (গ) “চেয়ারম্যান” অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;
- (ঘ) “নির্বাহী পরিচালক” অর্থ কর্তৃপক্ষের সাধারণ বিষয়ক বিভাগের নির্বাহী পরিচালক এবং কর্তৃপক্ষের সাধারণ বিষয়ক বিভাগের পরিচালক ও উপ-পরিচালকও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঙ) “তহবিল” অর্থ আইনের ধারা ১৬ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত কর্তৃপক্ষের তহবিল;
- (চ) “সদস্য” অর্থ কর্তৃপক্ষের সদস্য।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও পুনর্গঠন আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে জ্ঞ্য হইবে।

৩। ক্ষমতার প্রয়োগ।—(১) কর্তৃপক্ষ লিখিত আদেশ দ্বারা চেয়ারম্যানের উপর ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

(২) এই প্রবিধানমালার অধীন চেয়ারম্যানের উপর অর্পিত ক্ষমতা, চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত শর্ত সাপেক্ষে কর্তৃপক্ষের কোন সদস্য প্রয়োগ করিতে পারিবেন।

(৩) নির্বাহী পরিচালক, চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত শর্তাবলী ও সীমাবদ্ধতা সাপেক্ষে, সময়ে সময়ে চেয়ারম্যান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হওয়ার প্রেক্ষিতে এই প্রবিধানমালার অধীন ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

(৪) চেয়ারম্যান, প্রয়োজনবোধে শর্ত সাপেক্ষে, লিখিতভাবে কর্তৃপক্ষের কোন কর্মকর্তাকে কোন বিষয়ক বিভাগের পরিচালকের ক্ষমতা প্রয়োগের জন্য ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

(৫) সরকার কর্তৃক নির্ধারিত বিধি ও প্রবিধানমালা অনুযায়ী কর্তৃপক্ষের সকল ব্যয় নির্বাহ করা হইবে।

৪। হিসাবের প্রকৃতি ও পরিপালন।—আইন ও তদধীন প্রণীত প্রবিধানমালার শর্ত সাপেক্ষে কর্তৃপক্ষ, সময়ে সময়ে, যে রূপ পদ্ধতি নির্ধারণ করিবেন, সেইরূপ পদ্ধতিতে কর্তৃপক্ষের হিসাবসমূহ পরীক্ষা করিবে।

(২) মোটর গাড়ী এবং মোটর সাইকেল বিক্রয়জনিত কারণে ক্ষতি হইলে উহা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৩) যান্ত্রিক উপকরণাদির রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য সাধারণ চুক্তির ক্ষেত্রে নির্বাহী পরিচালকের অনুমোদন প্রয়োজন হইবে।

(৪) মেরামত সংক্রান্ত সকল ব্যয় কর্তৃপক্ষের সম্পত্তির মেরামত শিরোনামের অধীন ঋণের হিসাবে বিকলন করা হইবে।

৬। ছাপানো বহি, ফরম, রেজিস্টার ইত্যাদি।—নির্বাহী পরিচালক কর্তৃপক্ষের প্রয়োজন অনুযায়ী স্টেশনারী সামগ্রীসহ ছাপানো বহি, ফরমস, রেজিস্টার ইত্যাদি সংগ্রহ করিবে।

৭। বেতনাদি।—নির্ধারিত স্কেল অনুযায়ী কর্মচারীদের মাসিক বেতন ও ভাতাদি পরিশোধের জন্য সাধারণ বিষয়ক বিভাগের পরিচালক ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

৮। অতিরিক্ত সময় কাজের ভাতা।—(১) নির্বাহী পরিচালক অতিরিক্ত সময় কাজের অনুমোদন করিবেন।

(২) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হার অনুযায়ী কর্মচারীদের অতিরিক্ত সময় কাজের ভাতা পরিশোধের জন্য সাধারণ বিষয়ক বিভাগের পরিচালক ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

৯। শুবিষ্যত তহবিল ও অবসরভাতার তহবিল।—কর্তৃপক্ষের অংশগ্রহণে, যদি থাকে, কর্মচারীগণ যে সকল ভিন্ন ভিন্ন তহবিলের সদস্য হইবেন, সেই সকল তহবিল পরিচালনার নীতিমালা ও চুক্তির অধীন প্রাপ্য স্কেল অনুযায়ী সকল কর্মচারীকে তাহাদের প্রাপ্য সাধারণ বিষয়ক বিভাগের পরিচালক কর্তৃক পরিশোধ করা হইবে।

১০। গ্র্যাচুয়িটিস ও কমপেশিয়েনেট (Gratuities and Compassionate) ভাতা।—
(১) গ্র্যাচুয়িটিস ও কমপেশিয়েনেট ভাতা পরিশোধের সাথে জড়িত যে কোন খরচের ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্দিষ্ট মঞ্জুরী প্রয়োজন হইবে।

(২) উপ-প্রবিধানমালা (১) এর অধীন গ্র্যাচুয়িটি ও কমপেশিয়েনেট ভাতা পরিশোধের মঞ্জুরী ক্ষমতা কর্তৃপক্ষের উপর বর্তাইলে, অনুরূপ শর্ত ও সীমাবদ্ধতার প্রেক্ষিতে, যদি থাকে, যা কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট হইবে, সেই মোতাবেক চেয়ারম্যান ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

